# বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল

## নতুন বিমানবন্দর সড়ক, ফার্মগেট, ঢাকা-১২১৫

স্মারক নং- ১২.২০.০০০০.০০৪.০১৪.১৬.১১- ৯২২          তারিখ: ২২/০৪/২০২৫ খ্রি.

**বিষয়: বাংলাদেশ GAP স্কিমওনার ও বিএসিবি এর মধ্যে Certification Agreement প্রণয়ন বিষয়ক কমিটি গঠন প্রসঙ্গে।**

সূত্র: ১) কৃষি মন্ত্রনালয়ের পত্র নং: ১২.০০.০০০০.০৭৫.২২.০০৩.২০-৭৬; তারিখ: ০৩/০৯/২০২১ খ্রি.।

২) কৃষি মন্ত্রনালয়ের পত্র নং: ১২.০০.০০০০.০৭৫.২২.০০৩.১৯-১০৯; তারিখ: ০৪/০৮/২০২২ খ্রি.।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, বাংলাদেশে GAP বাস্তবায়নে বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল (বিএআরসি) বাংলাদেশ GAP এর Scheme Owner (SO) এবং কৃষি সম্প্রসারণ অধিদপ্তর (ডিএই) Bangladesh Agricultural Certification Body (BACB) হিসেবে দায়িত্ব পালন করে আসছে। বিএআরসি বাংলাদেশ GAP Scheme Owner ইতোমধ্যে GAP মানদন্ড ও ১৫টি নির্বাচিত ফসলের প্রোটোকলসহ অন্যান্য টেকনিক্যাল ডকুমেন্ট প্রণয়ণ করেছে এবং ডিএই BACB হিসেবে মাঠ পর্যায়ে GAP প্রত্যয়ন (Certification) কার্যক্রম বাস্তবায়নের সার্বিক প্রস্তুতি গ্রহণ করেছে। মাঠ পর্যায়ে GAP Certification কার্যক্রম বাস্তবায়নে Scheme Owner এবং Bangladesh Agricultural Certification Body এর মধ্যে Certification Agreement স্বাক্ষরের বাধ্যবাধকতা রয়েছে। গত ২০ মার্চ ২০২৫ তারিখে অনুষ্ঠিত বাংলাদেশ উত্তম কৃষি চর্চা নীতিমালা ২০২০ বাস্তবায়নে নিমিত্ত গঠিত টেকনিক্যাল কমিটির ৫ম সভার সিদ্ধান্ত মোতাবেক Certification Agreement প্রণয়নের নিমিত্ত নিম্নবর্ণিত সদস্যসহ একটি কারিগরি কমিটি গঠন করা হলো।

| | | |
|---|---|---|
| ১। | ড. মোঃ আবদুছ ছালাম, সদস্য পরিচালক (শস্য) ও আহবায়ক, GAP ইউনিট, বিএআরসি | আহ্বায়ক |
| ২। | জনাব এস এম সোহরাব উদ্দিন পরিচালক, হর্টিকালচার উইং, ডিএই, খামারবাড়ি, ঢাকা। | সদস্য |
| ৩। | প্রফেসর সৈয়দ মিজানুর রহমান, অর্থনীতি বিভাগ, ড্যাফোডিল বিশ্ববিদ্যালয়, আশুলিয়া, ঢাকা ও সহসভাপতি, কনজ্যুমার এ্যাসোসিয়েশন অব বাংলাদেশ। | |
| ৪। | প্রফেসর আবু নোমান ফারুক আহমেদ, চেয়ারম্যান, উদ্ভিদরোগতত্ত্ব বিভাগ, শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়, শেরে বাংলা নগর, ঢাকা | সদস্য |
| ৫। | জনাব মোঃ নজির আহম্মদ মিয়া, উপপরিচালক (অধিশাখা), এমএসসি উইং, বিএসটিআই, মান ভবন, ১১৬/ক, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা | সদস্য |
| ৬। | জনাব মোহাম্মদ সফিউজ্জামান, সিনিয়র ইন্সট্রাকটর, এটিআই, ঢকা ও আহবায়ক, GAP ইউনিট, ডিএই, খামারবাড়ি, ঢাকা। | সদস্য |
| ৭। | ড. মাহবুবা মুনমুন, ডিপিডি, PARTNER প্রকল্প ও টিম লিডার, DLI-1 ডিএই, খামারবাড়ি, ঢাকা। | সদস্য |
| ৮। | ড. মিয়া সাঈদ হাসান, GAP প্রোটোকল ডেভেলপমেন্ট এন্ড ট্রেনিং কনসালটেন্ট, PARTNER প্রকল্প, এপিসিইউ-বিএআরসি ও কো-অপ্ট সদস্য GAP বাস্তবায়নে গঠিত টেকনিক্যাল কমিটি | সদস্য |
| ৯। | ড. যাকীয়াহ্ রহমান মনি, প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা (পুষ্টি), ও সদস্য সচিব, GAP ইউনিট, বিএআরসি | সদস্য সচিব |

গঠিত কমিটি আগামী ১৫ কার্যদিবসের মধ্যে Certification Agreement প্রণয়ন করে GAP ইউনিট, বিএআরসি বরাবর প্রেরণ করবে।

২২/৪/২৫

(ড. নাজমুন নাহার করিম)
নির্বাহী চেয়ারম্যান (রু. দা.)
ফোন: +৮৮-০২-৪১০২৫২৫২
ই-মেইল: ec.barc@barc.gov.bd

**কার্যার্থে বিতরণ: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)**

১। ড. মোঃ আবদুছ ছালাম, সদস্য পরিচালক (শস্য) ও আহবায়ক, GAP ইউনিট, বিএআরসি।
২। জনাব এস এম সোহরাব উদ্দিন পরিচালক, হর্টিকালচার উইং, ডিএই, খামারবাড়ি, ঢাকা।
৩। প্রফেসর সৈয়দ মিজানুর রহমান, অর্থনীতি বিভাগ, ড্যাফোডিল বিশ্ববিদ্যালয়, ঢাকা ও সহসভাপতি, কনজ্যুমার এ্যাসোসিয়েশন অব বাংলাদেশ।
৪। অধ্যাপক আবু নোমান ফারুক আহমেদ, উদ্ভিদরোগতত্ত্ব বিভাগ, শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়, শেরেবাংলা নগর, ঢাকা।
৫। জনাব নজির আহম্মদ মিয়া, উপপরিচালক (এমএসসি), বিএসটিআই, মান ভবন, ১১৬/ক, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা।
৬। জনাব মোহাম্মদ সফিউজ্জামান, সিনিয়র ইন্সট্রাকটর, এটিআই, ঢকা ও আহবায়ক, GAP ইউনিট, ডিএই, খামারবাড়ি, ঢাকা।

চলমান পাতা-২

৭। ড. মাহবুবা মুনমুন, ডিপিডি, PARTNER প্রকল্প ও টিম লিডার, DLI-1 ডিএই, খামারবাড়ি, ঢাকা।
৮। ড. যাকীয়াহ্ রহমান মনি, প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা (পুষ্টি) ও সদস্য সচিব, GAP ইউনিট, বিএআরসি।
৯। ড. মিয়া সাঈদ হাসান, GAP প্রোটোকল ডেভেলপমেন্ট এন্ড ট্রেনিং কনসালটেন্ট, PARTNER প্রকল্প, এপিসিইউ-বিএআরসি, ফার্মগেট, ঢাকা।

**অনুলিপি: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)**

১। মহাপরিচালক, বিএসটিআই, মান ভবন, ১১৬/ক, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা।
২। মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা।
৩। রেজিষ্ট্রার, শেরে বাংলা কৃষি বিশ্ববিদ্যালয়, শেরে বাংলা নগর, ঢাকা।
৪। রেজিষ্ট্রার, ড্যাফোডিল বিশ্ববিদ্যালয়, আশুলিয়া, ঢাকা
৫। পরিচালক (পুষ্টি), বিএআরসি, ফার্মগেট, ঢাকা।
৬। অধ্যক্ষ, এটিআই, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, শেরে বাংলা নগর, ঢাকা।
৭। এজেন্সি প্রোগ্রাম ডাইরেক্টর, PARTNER প্রকল্প, এপিসিইউ-বিএআরসি, ফার্মগেট, ঢাকা।
৮। পরিচালক (কম্পিউটার ও জিআইএস ইউনিট), বিএআরসি, ফার্মগেট, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
৯। নির্বাহী চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, বিএআরসি, ফার্মগেট, ঢাকা।
১০। সদস্য পরিচালক (শস্য) এর ব্যক্তিগত সহকারী, বিএআরসি, ফার্মগেট, ঢাকা।

বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল
ফার্মগেট, ঢাকা-১২১৫
www.barc.gov.bd

## বাংলাদেশ উত্তম কৃষি চর্চা নীতিমালা ২০২০ বাস্তবায়নের নিমিত্ত গঠিত টেকনিক্যাল কমিটির ৫ম সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি | : ড. নাজমুন নাহার করিম, নির্বাহী চেয়ারম্যান (রু. দা.), বিএআরসি। |
| সভার তারিখ ও সময় | : ২০-৩-২০২৫ খ্রি.; সকাল ১০:৩০ ঘটিকা |
| স্থান | : সভাকক্ষ-০১, বিএআরসি। |
| উপস্থিতি | : পরিশিষ্ট-ক। |

বাংলাদেশ উত্তম কৃষি চর্চা নীতিমালা ২০২০ বাস্তবায়নের নিমিত্ত গঠিত টেকনিক্যাল কমিটির ৫ম সভা ২০ মার্চ ২০২৫ তারিখে ড. নাজমুন নাহার করিম, নির্বাহী চেয়ারম্যান (রু. দা.), বিএআরসি ও আহবায়ক, টেকনিক্যাল কমিটি-এর সভাপতিত্বে সকাল ১০.৩০ ঘটিকায় সভাকক্ষ-০১, বিএআরসি, ফার্মগেট, ঢাকায় অনুষ্ঠিত হয়। সভাপতি সকলকে স্বাগত জানিয়ে বলেন, নিরাপদ খাদ্য উৎপাদনকে সর্বোচ্চ গুরুত্ব দিয়ে সরকার 'বাংলাদেশ উওম কৃষি চর্চা নীতিমালা-২০২০' প্রণয়ন করেছে। বাংলাদেশে GAP বাস্তবায়নের লক্ষ্যে বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল (বিএআরসি) পরিকল্প স্বত্বাধিকারী (Scheme Owner) এবং কৃষি সম্প্রসারণ অধিদপ্তর (ডিএই)-কে সার্টিফিকেশন বডি বা BACB হিসেবে দায়িত্ব প্রদান করা হয়েছে। পৃথিবীর অনেক দেশ উত্তম কৃষি চর্চা অনুসরণে অনেক এগিয়ে গেছে। আমাদের দেশে উত্তম কৃষি চর্চা নতুন কার্যক্রম। উত্তম কৃষি চর্চা বাস্তবায়নে অনেক চর্চার অনুসরণের প্রয়োজনীয়তা রয়েছে। উত্তম কৃষি চর্চা অবলম্বনে উৎপাদিত পণ্যের বাজার সৃষ্টি একটি বড় চ্যালেঞ্জ। কৃষি বিপণন অধিদপ্তর উত্তম কৃষি চর্চা অনুসরণে উৎপাদিত পণ্যের বাজার বিষয়ে কাজ করছে। PARTNER প্রোগ্রামের আওতায় GAP কার্যক্রম হিসেবে Bangladesh GAP মানদন্ড প্রণয়ন ও ১০টি সবজি ও ৫টি ফলসহ মোট ১৫টি ফসলের প্রোটোকল তৈরি করার লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। এ কার্যক্রমের অংশ হিসেবে গত ২০২৩-২৪ অর্থবছরে ৮টি ফসল যথা: আম, কাঁঠাল, পেয়ারা, বেগুন, বরবটি, পটল, লাউ, কাঁচাপেঁপে এর প্রোটোকল প্রণয়ন করা হয়েছে। প্রণয়নকৃত প্রোটোকলসমূহ Bangladesh GAP বাস্তবায়নের জন্য গঠিত স্টিয়ারিং কমিটির মাধ্যমে কৃষি মন্ত্রাণালয় কর্তৃক অনুমোদন করে মুদ্রণ ও ডিএই'র নিকট হস্তান্তর করা হয়েছে। চলতি ২০২৪-২৫ অর্থবছরে ৭টি ফসল যথা: আলু, কচুরলতি, বাঁধাকপি, চিচিঙ্গা, করলা, আনারস ও জারালেবু এর প্রোটোকল প্রণয়নের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে।

অদ্যকার সভায় প্রণয়নকৃত ৭টি প্রোটোকল প্রাথমিক অনুমোদনের জন্য GAP ইউনিট, বিএআরসি কর্তৃক উপস্থাপন করা হবে। অত:পর তিনি আলোচ্যসূচি উপস্থাপনের জন্য ড. মো. আবদুছ ছালাম, সদস্য পরিচালক,শস্য বিভাগ, বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল-কে আহবান করেন।

২.০। সভাপতি মহোদয়ের অনুমোদনক্রমে আলোচ্যসূচি অনুযায়ী ড. মো. আবদুছ ছালাম, সদস্য পরিচালক, (শস্য), বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল পূর্ববর্তী সভার কার্যবিবরণী অনুমোদনের জন্য উপস্থাপন করেন এবং সভার সকলে একমত পোষণ করলে উপস্থিত সকল সদস্যের সর্বসম্মতিক্রমে তা অনুমোদন করা হয়। পরবর্তীতে ড. যাকীয়াহ রহমান মনি, পিএসও, (পুষ্টি) ও সদস্য সচিব (GAP ইউনিট), বিএআরসি-কে অগ্রগতি উপস্থাপনের অনুরোধ জানান।

৩.০। ড. যাকীয়াহ রহমান মনি, পিএসও, (পুষ্টি) ও সদস্য সচিব (GAP ইউনিট), বিএআরসি গত সভার সিদ্ধান্তের অগ্রগতি উপস্থাপন করেন। তিনি চলতি অর্থবছর PARTNER প্রকল্পের আওতায় প্রস্তুতকৃত ৭টি (করলা, চিচিঙ্গা, কচুর লতি, বাধাকপি, আলু, আনারস, লেবু) ফসলের GAP Protocol (চূড়ান্ত খসড়া) সভায় উপস্থাপন করেন। উপস্থাপন শেষে সভার সদস্যবৃন্দ বিভিন্ন মতামত যেমন- পোস্টহারভেস্ট হ্যান্ডলিং, পণ্য প্যাকেজিং, পরিবহন ও মার্কেটিং ইত্যাদি বিষয়গুলো প্রোটোকলে অর্ন্তভূক্ত করা যেতে পারে। পণ্য প্যাকেজিং ও পরিবহনের জন্য পৃথক Standard Operating Procedure (SOP) প্রণয়নসহ বালাইনাশক ভিত্তিক MRL পরীক্ষার পরামর্শ দেন। স্কিমওনার কর্তৃক আগামী অর্থবছরে নতুন ৭টি ফসল যথা- টমেটো, শশা, গাজর, ক্যাপসিকাম, সিম, তরমুজ ও সুগন্ধি ধান এর প্রোটোকল প্রণয়নের জন্য প্রস্তাব করা হয়। উপস্থাপনার প্রেক্ষিতে কৃষি সম্প্রসারণ অধিদপ্তরকে মাঠ মূল্যায়নের ভিত্তিতে নতুন প্রোটোকল প্রণয়নের নিমিত্ত স্কিমওনার বরাবর প্রস্তাব প্রেরণের জন্য অনুরোধ করা হয়। প্রোটোকলে ভেলিডেশন সংশ্লিষ্ট এলাকায় সারের মাত্রা উল্লেখ করে অন্য অঞ্চলে প্রোটোকল বাস্তবায়নের ক্ষেত্রে

BDS2025:2023 মোতাবেক ও বিএআরসি কর্তৃক প্রকাশিত Fertilizer Recommendation Guide (FRG)-24 অনুসরণ/সারের মাত্রা নির্ধারণ করার পরামর্শ দেওয়া হয়।

৪.০। প্রতিনিধি, বিএসটিআই কৃষিপণ্যের বর্জ্য ব্যবস্থাপনার (Waste management) এর জন্য পৃথক SOP প্রণয়ন করার সুপারিশ করেন। এছাড়া কৃষি সম্প্রসারণ অধিদপ্তর কর্তৃক GAP অনুসরণপূর্বক প্রদর্শনী বাস্তবায়নের ক্ষেত্রে অনুমোদিত/স্বীকৃত ল্যাবরেটরি হতে মাটি ও পানি পরীক্ষা করা যাবে বলে সবাই একমত পোষণ করেন। বাংলাদেশ GAP বাস্তবায়নে প্যাকেজিং ও হ্যান্ডেলিং এর ক্ষেত্রে প্যাকহাউজ অত্যন্ত গুরুত্বপূর্ণ বিধায় প্যাকহাউজ নির্মাণের বিষয়টি স্টিয়ারিং কমিটিতে উপস্থাপন করার বিষয়ে সবাই মতামত পোষণ করেন।

৫.০। অত:পর GAP মানদন্ডের (BDS 2025:2023) আলোকে প্রণয়নকৃত চেকলিস্ট উপস্থাপনকালে, চেকলিস্ট চূড়ান্তকরণের লক্ষ্যে BACB-সহ সংশ্লিষ্ট প্রতিষ্ঠানসমন্বয়ে আরেকটি সভা আয়োজনের মাধ্যমে চূড়ান্তকরণ ও প্রকাশ করার সুপারিশ করা হয়।।

৬.০। জনাব মনিরা আক্তার, উপজেলা কৃষি অফিসার (এলআর) ও সদস্য সচিব, GAP ইউনিট, সরেজমিন উইং (সংযুক্ত), খামারবাড়ি, ঢাকা বিএসিবি এর অগ্রগতি উপস্থাপন করেন। প্রথমে তিনি স্টিয়ারিং কমিটি কর্তৃক বিএসিবির অনুমোদনকৃত ডকুমেন্টসগুলো উপস্থাপন করেন। এরপর তিনি বিএসিবি কর্তৃক প্রণীত Bangladesh GAP Quality Manual (Based on ISO/IEC 17065 :2012) (খসড়া) উপস্থাপন করেন। তিনি জানান, সার্টিফিকেশন কমিটি কর্তৃক গঠিত Bangladesh GAP Quality Manual প্রণয়নের সাব-কমিটির মাধ্যমে ইতোমধ্যে আপডেট করা হয়েছে যা পরবর্তী সার্টিফিকেশন কমিটিতে অনুমোদনের জন্য উপস্থাপন করা হবে। প্রণয়নকৃত Bangladesh GAP Quality Manual সার্টিফিকেশন কমিটিতে অনুমোদনের পর টেকনিক্যাল কমিটি কর্তৃক অনুমোদন করার সুপারিশ গৃহীত হয়।

৭.০। ড. ফাতেমা ওয়াদুদ, পরিচালক, কৃষি বিপণন অধিদপ্তর, কৃষি বিপণন অধিদপ্তরের অগ্রগতি উপস্থাপন করেন। বাংলাদেশ GAP অনুসরণে উৎপাদিত কৃষিপণ্য বাজারজাতকরণ ও রপ্তানির লক্ষ্যে সুপারসপ ও অন্যান্য স্টেকহোল্ডার সমন্বয়ে সভা আয়োজন এবং DAM কর্তৃক এ সংক্রান্ত একটি কর্মপরিকল্পনা প্রণয়ন করার জন্য সুপারিশ করা হয়। এছাড়া বিভাগীয় পর্যায়ে GAP পণ্য বাজারজাত করার লক্ষ্যে মার্কেটিং হাব রাখার পরামর্শ প্রদান করা হয়।

৮.০। জনাব মিটুল কুমার সাহা, যুগ্ম-পরিচালক, হর্টেক্স ফাউন্ডেশন PARTNAR প্রকল্পের মাধ্যমে হর্টেক্স ফাউন্ডেশন কর্তৃক বাস্তবায়িত বিভিন্ন কার্যক্রম সভায় উপস্থাপন করেন।

৯.০। অত:পর সভায় অংশগ্রহণকারীগণের মধ্যে উন্মুক্ত আলোচনা হয়। আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্মোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

৯.১। প্রণয়নকৃত ৭টি প্রোটোকলে পোস্টহারভেস্ট হ্যান্ডলিং ও পরিবহনের বিষয়টি অন্তর্ভুক্ত করে স্টিয়ারিং কমিটিতে উপস্থাপন;

৯.২। স্কিমওনার, বিএসিবি, ড্যাম, হর্টেক্স ফাউন্ডেশনসহ সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের সমন্বয়ে GAP অনুসরণে উৎপাদিত পণ্য প্যাকেজিং ও পরিবহন এবং কৃষিপণ্যের বর্জ্য ব্যবস্থাপনার (Waste management) জন্য পৃথক Standard Operating Procedure (SOP) প্রণয়ন;

৯.৩। প্রোটোকল ভেলিডেশন সংশ্লিষ্ট এলাকার সারের মাত্রা উল্লেখ থাকবে এবং অন্য অঞ্চলে প্রোটোকল বাস্তবায়নের ক্ষেত্রে মাটি ফলাফল বিশ্লেষণের ভিত্তিতে বিএআরসি কর্তৃক প্রকাশিত Fertilizer Recommendation Guide (FRG)-24 অনুসরণ করে সারের মাত্রা নির্ধারণ করা;

৯.৪। চেকলিস্ট BACB-সহ সংশ্লিষ্ট প্রতিষ্ঠানসমন্বয়ে আরেকটি সভা আয়োজনের মাধ্যমে চূড়ান্তকরণ ও প্রকাশ;

৯.৫। বিভিন্ন প্রতিষ্ঠান কর্তৃক বাংলাদেশ GAP এর প্রশিক্ষণ আয়োজনের ক্ষেত্রে বাংলাদেশ GAP বিষয়ে প্রশিক্ষণ প্রাপ্ত বিজ্ঞানী/কর্মকর্তাগণকে প্রশিক্ষক হিসেবে প্রধান্য দিতে হবে। এ বিষয়ে স্কিমওনার ও বিএসিবি কর্তৃক প্রকাশিত প্রকাশনাকে অনুসরণ করতে হবে;

৯.৬। বিএসিবি কর্তৃক প্রণয়নকৃত Bangladesh GAP Quality Manual (Based on ISO/IEC 17065 :2012) সার্টিফিকেশন কমিটি কর্তৃক অনুমোদন করে তা টেকনিক্যাল কমিটি কর্তৃক অনুমোদন গ্রহণ;

৯.৭। কৃষি সম্প্রসারণ অধিদপ্তর কর্তৃক GAP অনুসরণপূর্বক প্রদর্শনী বাস্তবায়নের ক্ষেত্রে মাটি ও পানি পরীক্ষা করা;

৯.৮। ক্ষিমওনার (বিএআরসি) ও বিএসিবি (ডিএই) এর মধ্যে বাংলাদেশ GAP মানদণ্ড ও লোগো ব্যবহারের নিমিত্ত Certification Agreement প্রণয়নের লক্ষ্যে একটি কমিটি গঠন;

৯.৯। দ্রুততম সময়ের মধ্যে স্টিয়ারিং কমিটির সভা আয়োজন করে প্রণয়নকৃত ৭টি প্রোটোকল অনুমোদন গ্রহন।

সভায় আর কোনো আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

নাজমুন নাহার করিম
১৩/৪/২৫

(ড. নাজমুন নাহার করিম)
নির্বাহী চেয়ারম্যান (রু. দা.) ও
আহবায়ক
বাংলাদেশ উত্তম কৃষি চর্চা (GAP) নীতিমালা
বাস্তবায়নের নিমিত্ত গঠিত টেকনিক্যাল কমিটি